

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, এপ্রিল ১০, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৭ চৈত্র, ১৪৩২ মোতাবেক ১০ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৭ চৈত্র, ১৪৩২ মোতাবেক ১০ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে  
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং-৮৪/২০২৬

**Bangladesh Bank Order, 1972 এর অধিকতর সংশোধনকল্পে আনীত**

**বিল**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Bangladesh Bank (Amendment) Act, 2026 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **President's Order No. 127 of 1972 এর Article 10 এর সংশোধন।—**  
Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972) এর Article 10 এর clause (5) এর প্রাস্তস্থিত কোলন “:” চিহ্নের পরিবর্তে ফুলস্টপ “.” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং Proviso বিলুপ্ত হইবে।

(১৫০৯৯)

মূল্য: টাকা ৪.০০

## উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

মুদ্রানীতি প্রণয়ন ও বাস্তবায়ন, আর্থিক স্থিতিশীলতা রক্ষা, ব্যাংক তদারকি এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে সমন্বয়সহ বিভিন্ন আর্থিক খাতের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর পদে অভিজ্ঞ, দক্ষ ও প্রজ্ঞাসম্পন্ন ব্যক্তি-কে নিয়োগ প্রদানের জন্য 'The Bangladesh Bank Order, 1972' সংশোধনক্রমে সময়োপযোগী করিয়া 'The Bangladesh Bank (Amendment) Act, 2026' প্রণয়ন করা সমীচীন এবং ইহার প্রয়োজনীয়তা প্রাসঙ্গিক।

আমির খসরু মাহমুদ চৌধুরী  
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া  
সচিব।